দৈনিক সংবাদ

তারিখ 02 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

০১

### গৌরীপুর সরকারি কলেজ

# ৫০ দিন ধরে অধ্যক্ষার কক্ষে তালা ছাত্রদের প্রতিবাদ সমাবেশ

।। সুরেশ কৈরী ।।

গৌরীপুর (ময়মনসিংহ), ১লা ডিসেম্বর।– গত ৫০ দিন ধরে গৌরীপুর সরকারি কলেজের অধ্যক্ষার কক্ষে তালা ঝুলছে এবং উল্লিখিত সময় অধ্যক্ষা ডঃ সাকিনা আর কলেজে আসেননি। এদিকে কলেজের ছাত্ররা অধ্যক্ষার কুশপুত্তলিকা দাহসহ প্রতিবাদ সমাবেশ করেছে। অক্টোবর মাসের ১০ তারিখ অধ্যক্ষার সাথে কলেজ ছাত্র সংসদ নেতৃবৃন্দের একটি ঘটনাকে কেন্দ্র করে অধ্যক্ষার কক্ষে তালা লাগানো হয় এবং অধ্যক্ষা ডঃ সাকিনা সেই যে গেলেন এ পর্যন্ত আর কলেজে আসেননি।

এ ব্যাপারে গৌরীপুর সরকারি কলেজের অফিসে যোগাযোগ করে জানা গেছে তিনি উল্লিখিত সময়ে কোন প্রকার ছুটি গ্রহণ ছাড়াই কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এছাড়া তিনি দায়িত্বভার উপাধ্যক্ষকে অর্পণ না করার ফলে প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে.

উল্লেখ্য যে, গৌরীপুর সরকারি কলেজে ছাত্র সংসদ নেতৃবৃন্দ অধ্যক্ষা ডঃ সাকিনার অপসারণের দাবিতে শিক্ষা সচিব, শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জেলা প্রশাসকসহ বিভিন্ন স্থানে স্মারকলিপি পেশ করেছে। এ পর্যন্ত উক্ত সমস্যার কোন সুরাহা হয়নি।

এদিকে গত ২৯শে নভেম্বর কলেজের ছাত্ররা অধ্যক্ষা ডঃ সাকিনার অপসারণের দাবিতে কলেজ চত্বরে এক প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশে অবিলম্বে অধ্যক্ষার অপসারণ দাবি করে বক্তব্য রাখেন ছাত্র সংসদের ভিপি মাহফুজ উল্লাহ, জি, এস আলী আকবর আনীস, ছাত্রনেতা রাসেল ও বাবুল। পরে স্থানীয় হারুন পার্কে অধ্যক্ষার কুশপুত্তলিকা দাহ করা হয়।